

"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

হজ সর্বোচ্চ অগ্রাধিকার

নং- ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২২-২৩৮

তারিখ:

০৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: নিবন্ধনের সময় বৃদ্ধি এবং হজ ভিসা সাবমিট সংক্রান্ত।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে ২০২৩ সনের হজের হজযাত্রী, হজ এজেন্সি এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকার এ বছর হজযাত্রীদের ভিসার ক্ষেত্রে Biometric Visa পদ্ধতি (Finger print & pictorial) চালু করতে যাচ্ছে। এ পদ্ধতির অধীনে ভিসার আবেদন সাবমিট করার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় সকল প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। নতুন এ পদ্ধতিতে ভিসা করার জন্য পাসপোর্ট আপাতত নিজের নিকট সংরক্ষণ করতে হবে।

০২। তবে সরকারি ব্যবস্থাপনায় নিবন্ধন করে যারা ইতোমধ্যে পাসপোর্ট হজ অফিস, আশকোনা ঢাকায় জমা দিয়েছেন, ভিসা কার্যক্রম শুরু হলে তারা সেখানে গিয়ে বায়োমেট্রিক ভিসার আবেদন করতে পারবেন অথবা সেখান থেকে পাসপোর্ট নিয়ে অন্যকোন সেন্টার হতেও ভিসার আবেদন করতে পারবেন। ভিসা কার্যক্রম শুরু হলে ভিসা সাবমিটের সেন্টার এবং পদ্ধতি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

০৩। হজযাত্রী নিবন্ধনের নির্ধারিত সময় আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত বৃদ্ধি করা হলো। উক্ত সময়ের মধ্যে সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় নিবন্ধনের জন্য Messages পেয়েছেন এমন সকলেই হজের নিবন্ধন করতে পারবেন।


২২.০২.২০২৩

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: +৮৮০২-৫৫১০১১১৮
e-mail:morahajsection@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬. উপপ্রধান তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৭. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের অনুরোধসহ)।
৮. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার, (সকল হজ এজেন্সি)।
৯. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২ কারওয়ান বাজার, ঢাকা (হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১১. অফিস কপি।